



(একই আদেশ এবং স্মারকের স্থলাভিষিক্ত)

রপ্তানি উন্নয়ন ব্যুরো  
মেলা ও প্রদর্শনী বিভাগ  
টিসিবি ভবন ১, কাওরান বাজার  
ঢাকা।



নং- ২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২৯.২১-৪৮৯

তারিখঃ ২১ আশ্বিন' ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ অক্টোবর' ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ১৬ ডিসেম্বর' ২০২২ – ০২ জানুয়ারী' ২০২৩ সময়ে ভারতের কলকাতায় India International Mega Trade Fair (IIMTF) 2022-2023 শীর্ষক মেলায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৬ ডিসেম্বর' ২০২২ – ০২ জানুয়ারী' ২০২৩ সময়ে ভারতের কলকাতায় India International Mega Trade Fair (IIMTF)2022-2023 শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

মেলার নাম	India International Mega Trade Fair (IIMTF)2022-2023
মেলার সময়কাল	16 <sup>th</sup> December, 2022 to 02 <sup>nd</sup> January, 2023
মেলার ভেন্যু	The Science City Ground, Kolkata (West Bengal)
মেলা আয়োজনকারী সংস্থা	The Bengal Chamber of Commerce & Industry
বুথের সাইজ	(3m x 3m)=09 sqm
বুথ টাইপ	Octanorm Stall
বুথ ভাড়া	টাকা ২,২৫,০৫০/- (দুই লক্ষ পঁচিশ হাজার পঞ্চাশ টাকা) মাত্র।
প্রদর্শনী পণ্যঃ	তৈরী পোশাক, হোম টেক্সটাইল, চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য, প্লাস্টিক, সিরামিক, হস্তশিল্পজাত পণ্য, কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য।

০২। নির্ধারিত বুথ মূল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানি আয় বিবেচনাপূর্বক নিম্নরূপভাবে ভর্তুকি প্রদান করা হবেঃ

(I) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	“ক”	৩০%
০২	০৫-১০	“খ”	৪০%
০৩	০৫ - নতুন রপ্তানি কারক	“গ”	৫০%

(II) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে :


ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	রপ্তানি কারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪৫%
০২	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“খ”	৫০%

(III) বিশেষ খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	নারী উদ্যোক্তা	-	৬০%

০২। বর্গিতাবস্থায়, আপনার সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র পূরণপূর্বক আবেদনপত্রে উল্লিখিত ডকুমেন্টস সংযুক্ত করে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি রপ্তানি উন্নয়ন ব্যুরো এর অনুকূলে পে-অর্ডার আকারে আগামী ২০ অক্টোবর' ২০২২ তারিখের মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের ছক [www.epb.gov.bd](http://www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

০৩। স্মার্তব্য, ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপর কোন দায় দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরত দেওয়া হবে।

  
( আবু মোখলেছ আলমগীর হোসেন )  
পরিচালক (মেলা)